

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ৩১-০৩-২০২২

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৮-০৩-২০২২ থেকে ৩০-০৩-২০২২ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে

২৮ শে মার্চ :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেমি) :

মাঝিয়ান-৩ ; আলিপুরদুয়ার, বাগডোগরা, দিয়ানা -২ ; নেওরা-১

২৯ শে মার্চ :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় হালকা ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেমি) :

মাথাভাঙ্গা-৪; দোমোহানী - ২

৩০ শে মার্চ :

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলার অধিকাংশ জায়গায় অতি হালকা থেকে মাঝারি ধরণের বৃষ্টিপাত হয়েছিল। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেমি) :

কোচবিহার, আলিপুরদুয়ার, দিয়ানা, বারোভিসা, নাগরাকাটা, জলপাইগুড়ি, বাগডোগরা- ১

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬৭ থেকে ৮১ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬২ থেকে ৯৪ শতাংশ।

সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা ২৯ শে মার্চ বাঁকুড়ায় ৪০ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা ২৯ ও ৩০শে মার্চ পুরুলিয়ায় ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস ছিল।

পরবর্তী ৩ দিন (০১-০৪-২০২২ থেকে ০৩-০৪-২০২২ অবধি) ভারতীয় সময় ০৮৩০ পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাস :

দিন ১-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাঙ, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার ও কোচবিহার জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম ও নদীয়া জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। আগামী ৩ দিন রাজ্যের সমতলাংশে দিনের তাপমাত্রার কোনো উল্লেখযোগ্য পরিবর্তন হবেনা এবং পরবর্তী ২দিন তাপমাত্রা স্বাভাবিকের থেকে ২-৩ ডিগ্রি কমে যাওয়ার সম্ভবনা আছে।

দিন ২-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম ও নদীয়া জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

দিন ৩ -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলির কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ, বীরভূম, নদীয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা ও পূর্ব মেদিনীপুর জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভবনা আছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

সতর্কীকরণ:**দিন ১ -**

কোনো সতর্কবার্তা নেই।

দিন ২-

কোনো সতর্কবার্তা নেই।

দিন ৩ -

কোনো সতর্কবার্তা নেই।

পরবর্তী ২ দিনের অনুমান : সামান্য পরিবর্তন হবে।

সুজাতা সর্

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র, আলিপুর

৩১-০৩-২০২২